গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৮৬.২৩.১১৭৫

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০
০২ অক্টোবর ২০২৩

বিষয়: **রিট পিটিশন নং ৯৩৭৮/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৯৩৭৮/২০২৩-এর ১৩/০৮/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলা পরিষদের অধীন প্যানেল চেয়ারম্যান নির্বাচন-এ ১নং সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য জনাব শাহনাজ পারভীন ও ৩নং সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য জনাব ফরিদা ইয়াসমিন উভয়ই ০৫(পাঁচ) ভোট প্রাপ্ত হন। উক্ত নির্বাচনী ফলাফলে প্যানেল চেয়ারম্যান-৩ হিসেবে জনাব ফরিদা ইয়াসমিন নির্বাচিত হওয়ায় পিটিশনার জনাব শাহনাজ পারভীন সংক্ষুব্ধ হয়ে জেলা পরিষদ আইন, ২০০০-এর অনুচ্ছেদ ১৩ ও ৩৩(৩) মোতাবেক নেত্রকোণা জেলা পরিষদের গত ২২/০৫/২০২৩ খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী চ্যালেঞ্জপূর্বক মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৩৭৮/২০২৩ দায়ের করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা-কে ৩নং এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা-কে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ নিম্নোক্ত রুল প্রদান করেন:

> "...why the election and decision dated 22.05.2023 by which respondent Nos.3-4 formed. Panel of Temporary Chairman without following the procedure envisaged in Section 13 and 33(3) of Zilla Parishad Ain, 2000 (Annexure-C) should not be declared illegal, without jurisdiction and to have been made without lawful authority..."

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৩৭৮/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

২-১০-২০২৩
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +880255100995
ইমেইল: lglaw1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ নেত্রকোণা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৮৬.২৩.১১৭৫/১(৫)

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০
০২ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২-১০-২০২৩

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)